

# ঢাকা কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ে প্রশাসক নিয়োগে আজ সন্ধ্যায় প্রজ্ঞাপন!

সিটি রিপোর্টার

প্রকাশিত: ১৭:৩২, ১৯ মে ২০২৫



x

রাজধানীর সরকারি সাত কলেজ নিয়ে গঠিত নতুন 'ঢাকা কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়'-এ রূপান্তরের কার্যক্রমের অংশ হিসেবে অন্তর্বর্তীকালীন প্রশাসনের প্রশাসক নিয়োগের প্রজ্ঞাপন আজ সন্ধ্যায় জারি হবে বলে জানিয়েছেন শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও



উচ্চশিক্ষা বিভাগের যুগ্মসচিব (সরকারি কলেজ-১) খোদেজা খাতুন।

সোমবার (১৯ মে) তিনি সংবাদমাধ্যমকে এ তথ্য নিশ্চিত করেন।

মন্ত্রণালয়ের এই কর্মকর্তা জানান, “সাত কলেজের অধ্যক্ষদের মধ্যে একজনকে অন্তর্বর্তী প্রশাসনের প্রশাসক হিসেবে নিয়োগের অনুমোদন দেওয়া হয়েছে। আশা করছি, আজ সন্ধ্যার মধ্যেই প্রজ্ঞাপন জারি হবে।”

এর আগে রবিবার (১৮ মে) জনপ্রশাসন মন্ত্রণালয় রাষ্ট্রপতির আদেশক্রমে উপসচিব আবু সালেহ মো. মাহফুজুল আলম স্বাক্ষরিত এক প্রজ্ঞাপনে ঢাকা কলেজের সদ্য সাবেক অধ্যক্ষ অধ্যাপক এ কে এম ইলিয়াসকে আগামী দুই বছরের জন্য নিয়োগ দেওয়া হয়।

প্রজ্ঞাপনে বলা হয়, “সরকারি চাকরি আইন, ২০১৮ এর ৪৯ ধারা অনুযায়ী অধ্যাপক এ কে এম ইলিয়াসকে (পরিচিতি নম্বর- ০১০৪) তাঁর ভোগকৃত অবসরোত্তর ছুটি ও সংশ্লিষ্ট সব সুবিধাদি স্থগিত করে এবং অন্য যেকোনো পেশা, ব্যবসা কিংবা সরকারি, আধা-সরকারি বা বেসরকারি প্রতিষ্ঠান/সংগঠনের সঙ্গে কর্মসূক্ষে পরিত্যাগের শর্তে, যোগদানের তারিখ থেকে ০২ (দুই) বছর মেয়াদে ঢাকা কলেজের অধ্যক্ষ পদে চুক্তিভুক্তিক নিয়োগ দেওয়া হলো।”

জানা গেছে, নতুন বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত না হওয়া পর্যন্ত ঢাকার সরকারি সাত কলেজের কার্যক্রম ইউজিসির তত্ত্বাবধানে একটি সমন্বিত কাঠামোর অধীনে পরিচালিত হবে। এই অন্তর্বর্তী ব্যবস্থায় প্রশাসকের দায়িত্ব পালন করবেন ঢাকা কলেজের অধ্যক্ষ অধ্যাপক এ কে এম ইলিয়াস। এ সিদ্ধান্ত সাত কলেজের সব অধ্যক্ষের মতামতের ভিত্তিতে নেওয়া হয়েছে। অস্থায়ীভাবে নতুন বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক কার্যক্রমের সদরদপ্তর হিসেবে ঢাকা কলেজ নির্ধারিত হয়েছে।